# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 14-05-2025 Time: 7.50P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কর্মরত অবস্থায় সীমান্ত পেরিয়ে পাকিস্তানে ঢুকে পড়ার অভিযোগে পাক রেঞ্জারদের হাতে আটক বিএসএফ জওয়ান পূর্ণম কুমার সাউকে আজ সকালে মুক্তি দেওয়া হয়েছে।

২) রাজ্যের পশ্চিমাঞ্চলে ১০ টি শিল্প সংস্থা, ভারি শিল্পে ২৫ হাজার কোটি টাকার বেশি বিনিয়োগ করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৩) সুপ্রিম কোর্টের রায়ে চাকরীহারা SSC-র গ্রুপ সি এবং গ্রুপ ডি কর্মীদের মাসিক ভাতা দিতে নতুন প্রকল্প ঘোষণা করেছে রাজ্য সরকার।

৪) শীর্ষ আদালতে রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘ্যভাতা সংক্রান্ত মামলার শুনানি আগামী শুক্রবার অবধি পিছিয়ে গেছে।

৫) দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামীকাল পর্যন্ত তাপপ্রবাহ এবং অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।

---

কর্মরত অবস্থায় সীমান্ত পেরিয়ে পাকিস্তানে ঢুকে পড়ার অভিযোগে, পাক রেঞ্জারদের হাতে আটক BSF জওয়ান পূর্ণম কুমার সাউকে আজ সকালে মুক্তি দেওয়া হয়েছে। পাঞ্জাবের ফিরোজপুর সেক্টরে আন্তর্জাতিক সীমান্তের কাছে কৃষকদের সুরক্ষা

দেওয়ার কাজে নিযুক্ত থাকা ঐ জওয়ান, গত ২৩শে এপ্রিল অসাবধানতা বশতঃ আন্তর্জাতিক সীমান্ত পেরিয়ে পাকিস্তানে ঢুকে যান। BSF সূত্রে আকাশবাণীর জলন্ধর সংবাদদাতাকে জানানো হয়েছে, ওই জওয়ানকে আজ অমৃতসরে আটারি সীমান্ত চৌকিতে ভারতের হাতে তুলে দেওয়া হয়। শান্তিপূর্ণভাবে এবং এসংক্রান্ত মান্য কার্যবিধি SOP মেনেই এই হস্তান্তর বলে জানা গেছে।

এদিকে, মুক্তিপ্রাপ্ত BSF জওয়ানের বাবা ভোলানাথ সাউ আজ হুগলীর কোন্নগরে পূর্ণমের মুক্তিতে সন্তোষ ব্যক্ত করেছেন। তিনি বলেছেন, ভারত সরকারের উদ্যোগে তাঁর পুত্র মুক্তি পেয়েছে। পূর্ণম কুমার সাউ-এর মুক্তিতে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন তাঁর স্ত্রী ।

-----------------------

বিএসএফ জওয়ান পূর্ণম সাউয়ের মুক্তিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গভীর সন্তোষ প্রকাশ করেছেন। আজ নিজের এক্স হ্যান্ডেলে এক বার্তায় পূর্ণমের স্ত্রী রজনী ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের শুভেচ্ছা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ভ্রাতৃপ্রতিম ওই জওয়ান পাকিস্তানে বন্দি হওয়ার পর তিনি নিয়মিত রিষড়ায় ওই পরিবারের সঙ্গে যোগাযোগ রেখেছেন। তাঁর স্ত্রীর সঙ্গেও বার তিনেক কথা বলেছেন তিনি। পূর্নমের মুক্তির সংবাদ পাওয়ার পর আরো একবার ওই বিএসএফ জওয়ান এর স্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রী কথা বলেছেন।

বিজেপি, পাক রেঞ্জারদের হেফাজতে থাকা বিএসএফ জওয়ানের নিরাপদ প্রত্যাবর্তনের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, এই প্রত্যাবর্তন শুধুমাত্র স্বস্তির নয়, ভারতের সংকল্প , কূটনীতি এবং

জাতীয় গর্বের জয়। জাতির নিরাপত্তা ও মর্যাদার প্রতি প্রধানমন্ত্রীর নিরলস অঙ্গীকার সেনাদের জন্য ন্যায়বিচার ও সম্মান সুনিশ্চিত করেছে।

বাইট

এদিকে পাকিস্তানের হেফাজতে থাকা বিএসএফ জওয়ানের প্রত্যাবর্তনের জন্য বিরোধী দলনেতা কেন্দ্রীয় সরকার, প্রধানমন্ত্রী,স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএসএফের ডিজিকে কৃতিত্ব দিয়েছেন। তিনি বলেন, অপারেশন সিন্দুর চলার কারণে জওয়ানের মুক্তির বিষয়টি স্থগিত ছিল। এবিষয়ে বিএসএফ এবং বিজেপির প্রতিনিধি দল জওয়ানের বাড়িতে গিয়ে তার পরিবারকে আশ্বস্ত করেছে।

-----------------------

অপারেশন সিন্দুরের সাফল্য উদযাপনে বিজেপি আগামী শুক্রবার রাজ্যে তিরঙ্গা যাত্রার আয়োজন করবে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, ভারতীয় সেনাকে কুর্নিশ জানাতে ঐ দিন বিকেলে কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজারে নেতাজি মূর্তির পাদদেশ পর্যন্ত জাতীয় পতাকা হাতে নিয়ে পদযাত্রা হবে। সমাজের সর্বস্তরের রাষ্ট্রবাদী মানুষকে এই পদযাত্রায় সামিল হওয়ার আমন্ত্রণ জানান তিনি।

বাইট

অপারেশন সিন্দুরের সাফল্যে বিজেপি পরিষদীয় দল আজ প্রধানমন্ত্রী এবং ভারতীয় সেনার প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব গ্রহণ করে। সল্টলেকে দলীয় কার্যালয়ে এই প্রস্তাব গ্রহণ গৃহীত হয়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই প্রস্তাব গ্রহণ অনুষ্ঠানের উপস্থিত ছিলেন।

-----------------------

অপারেশন সিঁদুর এর প্রেক্ষিতে তৃনমূল কংগ্রেস শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর সিদ্ধান্ত নিয়েছে। আগামী শনি ও রবিবার কলকাতা সহ রাজ্যের প্রতিটি ব্লকে শহীদদের শ্রদ্ধা জানিয়ে তাদের স্মৃতিতে মিছিলের আয়োজন করা হবে বলে দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ জানিয়েছেন।

----------------------

অলিম্পিক পদকজয়ী কিংবদন্তী টেনিসে খেলোয়াড় লিয়েন্ডার পেজ অপারেশন সিন্দুরে দেশের সাফল্যে গর্বিত বলে জানিয়েছে। তিন বাহিনীর সেনা জওয়ানদের ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, সীমান্তে যারা দাঁড়িয়ে থেকে ভারতবাসীর রাতের ঘুম নিশ্চিন্ত করেছেন, তাঁরাই প্রকৃতপক্ষে দেশের মাটির সন্তান।

বাইট

অপারেশন সিন্দুরের মাধ্যমে ভারত সন্ত্রাসবাদের যোগ্য জবাব দিয়েছে বলে মনে করেন অবসরপ্রাপ্ত কর্নেল সব্যসাচী বাগচী।

বাইট

----------------------

রাজ্যের পশ্চিমাঞ্চলে ১০টি শিল্প সংস্থা ভারী শিল্পে ২৫ হাজার কোটি টাকার বেশি বিনিয়োগ করতে চলেছে। এর ফলে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ৭০ হাজারের বেশি মানুষের কর্মসংস্থান হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ওই শিল্প স্থাপনের জন্য প্রায় আড়াই হাজার একর জমি বরাদ্দের সিদ্ধান্তে ছাড়পত্র দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকারের লক্ষ্য দ্রুত শিল্পায়ন এবং বহু মানুষের কর্মসংস্থান। ফেব্রুয়ারি মাসের বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের পরে বেশ কিছু শিল্প সংস্থাকে জমি বরাদ্দ করা হয়েছে।

বাইট

আজকে মন্ত্রিসভার বৈঠকে পুরুলিয়ার রঘুনাথপুরে জঙ্গল সুন্দরী কর্ম নগরী, দুর্গাপুর, বর্ধমানের পানাগর ইন্ডাস্ট্রিয়াল পার্কে দশটা ইন্ডাস্ট্রিয়াল প্লট বিভিন্ন সংস্থাকে বরাদ্দ করা হয়েছে। এর পাশাপাশি মন্ত্রিসভার বৈঠকে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্ষেত্রেও ১৫ টি শিল্প তালুকে মোট ৪৩ টি ক্ষুদ্র শিল্প সংস্থাকে জমি বরাদ্দ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

মুখ্যমন্ত্রী আরও জানান স্থানীয় লোকশিল্প এবং হস্তশিল্পকে উৎসাহ দিতে রাজ্য সরকার প্রত্যেক জেলায় সরকারি বেসরকারি যৌথ অংশীদারিত্বে শপিং মল তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে। যার প্রথম দুটি তল স্থানীয় স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের জন্য বরাদ্দ থাকবে। মন্ত্রিসভার বৈঠকে আজ ২৩টি জেলার মধ্যে ১১ টা জেলায় মল তৈরির জন্য জমি বরাদ্দ করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

----------------------

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তিন দিনের সফরে উত্তরবঙ্গে যাচ্ছেন। আগামী সোমবার কলকাতা থেকে রওনা হয়ে বাগডোগরা পৌঁছে ঐ দিনই শিলিগুড়িতে তিনি উত্তরবঙ্গের সাত জেলার বিভিন্ন শিল্পপতি ও বনিক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে সিনার্জি কনক্লেভে মিলিত হবেন বলে মুখ্যমন্ত্রী নিজেই জানিয়েছেন। মঙ্গলবার জলপাইগুড়ির ওদলাবাড়িতে এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে তিনি রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা সাধারনের হাতে তুলে দেবেন।

পাশাপাশি বিভিন্ন জেলায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পেরও উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি। বুধবার উত্তরকন্যায় সব জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নিয়ে প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে মিলিত হওয়ার কথা রয়েছে। বৃহস্পতিবার মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার কথা।

-----------------------

সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারা SSC-র গ্রুপ সি এবং গ্রুপ ডি কর্মীদের মাসিক ভাতা দিতে নতুন প্রকল্প ঘোষণা করেছে রাজ্য সরকার। এজন্য শ্রম দফতরের অধীনে ওয়েস্ট বেঙ্গল লাইভলিহুড সিকিউরিটি নামে একটি অন্তর্বর্তীকালীন প্রকল্প আজ রাজ্য মন্ত্রিসভায় গৃহীত হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। এর আওতায় চাকরিহারা গ্রুপ সি কর্মীরা ২৫,০০০ এবং গ্রুপ ডি ২০,০০০ টাকা মাসিক ভাতা পাবেন। যতদিন না আদালতে রায় পুনর্বিবেচনার আবেদনের উপর কোন নিষ্পত্তি না হয়, ততদিন এই প্রকল্প চলবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। ১লা এপ্রিল ২০২৫ থেকে এই প্রকল্পের সুবিধা কার্যকর হবে।

-----------------------

সরকারের দেওয়া আর্থিক অনুদান নেবেন বলে জানিয়েছেন চাকরিহারা শিক্ষাকর্মীরা। তাদের তরফে সুজয় সর্দার বলেন, সংসার চালানোর জন্য এই টাকাটা নেবেন তাঁরা। কিন্তু এই টাকা শুধু যোগ্যদের দেওয়া হবে, নাকি সবাইকেই দেওয়া হবে, তা সরকার স্পষ্ট করেনি. তিনি জানান, ২০১৬-য় গ্রুপ সি-তে ২০৩৭ জনকে নিয়োগ করা হয়। এর মধ্যে এক হাজার ২৫৫ জনের বিরুদ্ধে কোনও অভিযোগ নেই। গ্রুপ ডি-তে ৩ হাজার ৮৮০ জনকে নিয়োগ করা হয়েছিল। এর মধ্যে ২ হাজার ১৩৯ জনের বিরুদ্ধে কোনও অভিযোগ নেই।

-----------------------

ন্যায়বিচারের দাবিতে বিকাশভবনের সামনে শিক্ষকদের অবস্থান মঞ্চে গিয়ে আন্দোলনরতদের পাশে থাকার বার্তা দিয়েছে প্রদেশ কংগ্রেস নেতৃবৃন্দ। প্রতিনিধি দলে ছিলেন কংগ্রেসের সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জী, নেত্রী কৃষ্ণা দেবনাথ প্রমুখ।

এদিকে প্রদেশ কংগ্রেসের তরফ থেকে আজ ভারতের অভ্যন্তরীণ বিষয়ে পাকিন হস্তক্ষেপের অভিযোগ তুলে এক বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়। দলের সভাপতি শুভঙ্কর সরকার, প্রবীণ নেতা প্রদাপ ভট্টাচার্য্য সহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

-----------------------

শীর্ষ আদালতে রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা সংক্রান্ত মামলার শুনানি ফের পিছিয়ে গেছে। কয়েকদিন আগেই বেঞ্চ পরিবর্তন হয়েছে এই মামলার। আগে মামলাটির শুনানি চলছিল বিচারপতি বিক্রম নাথ, বিচারপতি সঞ্জয় কারোল ও বিচারপতি সন্দীপ মেহেতার বেঞ্চে।

সেই বেঞ্চ থেকে মামলা সরিয়ে বিচারপতি সঞ্জয় কারোল এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আজ দুপুর দুটোয় মামলাটি শুনানির জন্য তালিকাভুক্ত করা হয় । কিন্তু প্রথমার্ধের শেষে বিচারপতি সঞ্জয় কারোলের বেঞ্চ জানায় আদালতের কিছু সমস্যার জন্য আজ শুনানি করা সম্ভব হচ্ছে না। আগামী শুক্রবার এই মামলার শুনানি করা হবে। রাজ্য সরকারি কর্মচারীদের পক্ষে আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য বলেন, প্রতি শুনানিতেই এই মামলার শুনানি মুলতবি হয়ে যাচ্ছে। আর্থিকভাবে ক্ষতির মুখে পড়ছেন কর্মচারীরা।

-----------------------

দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামীকাল পর্যন্ত তাপ প্রবাহ এবং অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, পুরুলিয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর এবং মুর্শিদাবাদ জেলায় আজ তীব্র গরমের হলুদ সতর্কতা জারি করা হয়েছে। তবে দক্ষিণবঙ্গের কিছু জেলায় স্থানীয়ভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি এবং দমকা হাওয়া বয়ে যাওয়ারও সম্ভাবনা আছে। অন্যদিকে, উত্তরবঙ্গের আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় ভারি থেকে অতিভারি বৃষ্টি এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

আজ কলকাতায় দিনের সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল- ৩৫ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে সামান্য কম। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৮ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে প্রায় ২ ডিগ্রী বেশি।

----------------------

**ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ রাত ১২ টা ১০ মিনিট থেকে ভোর ৪ টে ১০ মিনিট পর্যন্ত শিয়ালদা ডিভিশনের দক্ষিণ শাখায় লক্ষ্মীকান্ত পুর - নামখানা সেকশনে ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে আগামীকাল বৃহস্পতিবার সকালে লক্ষ্মীকান্তপুর থেকে নামখানা এবং নামখানা থেকে লক্ষ্মীকান্তপুর যাওয়ার প্রথম ট্রেনটি বাতিল থাকবে বলে পূর্ব রেল সূত্রের খবর।**

---------------------- ----------------------